স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

স্কুল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা।

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে আষাঢ় বুধবার, ১৩৭২ ইং 14th July 1965 { ৯ম সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVE

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার

রূপে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আধারে।

প্রস্তুতকারক,
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ডেণ্টাল ক্লিনিক**

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

স্টুডেন্টস্ ফেক্টরি

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২৯শে আষাঢ় বুধবার সন ১৩৭২ সাল।

## দেশের সেবক বেশে দেশের সে বক

—০—

বনবাসকালে রামচন্দ্র পম্পা নদীর তীরে দেখিলেন একটি বক ধীরে ধীরে পা ফেলিয়া জলের দিকে অগ্রসর হইতেছে। রামচন্দ্র মহারাজ দশরথের জ্যেষ্ঠ পুত্র বলিয়া পিতার খুব আদরের সন্তান ছিলেন। বহির্জগতের সঙ্গে তাঁহার সম্বন্ধ কম ছিল। তিনি অত্যন্ত গুণগ্রাহী ছিলেন বলিয়া সকলের গুণই দেখিতেন। অনেকের দোষকেও গুণ বলিয়া গ্রহণ করিতেন। হিংস্র বক আহার অন্বেষণে জলের দিকে অগ্রসর হইতেছে ধীরে ধীরে। পায়ের শব্দ শুনিয়া তাহার শিকার মৎস্য সাবধান হইবে সন্দেহে ধীরে ধীরে নিঃশব্দে যাইতেছে। বকের এই হিংস পদবিক্ষেপকে গুণ বলিয়া গ্রহণ করিয়া তাহাকে ধার্ম্মিক বলিয়া মুগ্ধ হইয়াছেন। তাঁহার অনুজ লক্ষ্মণ তখন আহার্য্যাদি অন্বেষণে স্থানান্তরে গিয়াছিলেন। তিনি জ্যেষ্ঠের নিকট উপস্থিত হইবামাত্র বকের গুণমুগ্ধ রামচন্দ্র বলিলেন—

শনৈঃ শনৈঃ ক্ষিপেৎ পাদৌ
প্রাণীনাং বধ শঙ্কয়া।
পশ্য লক্ষ্মণ পম্পায়াং
বকঃ পরম-ধার্ম্মিকঃ॥

ভাবার্থ—কোন প্রাণী তাহার পায়ের চাপে বধ হইতে পারে—এই ভয়ে আস্তে আস্তে বক তাহার পদবিক্ষেপ করিতেছে—লক্ষ্মণ, পম্পা তীরে পরম ধার্ম্মিক বককে দর্শন কর।

লক্ষ্মণ রামচন্দ্রের মত পিতার আদরে রাজধানীতেই কালাতিপাত করেন নাই। বহির্জগতের বহু জ্ঞান তিনি অর্জ্জন করিয়াছিলেন।

জ্যেষ্ঠের এই কথা শুনিয়া সসম্মানে তিনি উত্তর দিলেন—

ন জানাসি রাঘব ত্বং
বকঃ পরম-দারুণঃ—
নির্জীব-ভক্ষকো গৃধ্রঃ
সজীব-ভক্ষকো বকঃ।

লক্ষ্মণ বলিলেন—হে রাঘব আপনি জানেন না—বক অতি দারুণ প্রাণী—গৃধ্র (শকুন) নির্জীব প্রাণীর মাংস ভক্ষণ করে কিন্তু বক জীবন্ত প্রাণী ধরিয়া খাইয়া থাকে।

বকের হিংসা-স্বভাব হইলেও গুণগ্রাহী রামচন্দ্র তাহার ধীর পদবিক্ষেপ দেখিয়া তাহাকে ধার্ম্মিক বলিয়া ভ্রান্ত ধারণা করিয়াছেন।

এই বক চরিত্রের মানুষ দেশের সেবক সাজিয়া কত প্রাণী বধ করিতেছে তাহার ইয়ত্তা নাই।

দেশের সেবক সাজিয়া দেশবাসীদের মঙ্গল করিবার ছলনা করিয়া সরল প্রাণ ব্যক্তির বিশ্বাস জন্মাইয়া নিজের স্বার্থ সিদ্ধি করিয়াছে ও করিতেছে। মহাত্মা গান্ধীর একান্ত সচিব (সেক্রেটারী) শ্রীনির্ম্মল বসু ও স্বাধীন ভারতের স্বনামধন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মরহুম মৌলানা আবুল কালাম আজাদের লিখিত পরম ধার্ম্মিকের সেবকত্বের মধ্যে সে বকত্ব দেখিয়া চমকিত ও চমৎকৃত হইবেন।

---

## জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে যাত্রিগণের অসুবিধা

জঙ্গিপুর রোড রেল ষ্টেশনের একদিকে কিছুদিন যাবত হাফ-প্লাটফরম নির্ম্মিত হইয়াছে। অপর দিকে প্লাটফরম না থাকায় ডাউন ট্রেণের যাত্রিগণকে গাড়ীতে উঠানামা করিতে বিশেষ অসুবিধার সম্মুখীন হইতে হইতেছে। ইহা জঙ্গিপুর মহকুমার সদর ষ্টেশন। এই ষ্টেশন সম্বন্ধে বহুবার অভিযোগ করিয়াও কোন ফল হয় নাই। রাত্রিতে আলোর ভাল বন্দোবস্ত নাই। কয়েকটি কেরোসিনের মিটমিটে আলোতে যাত্রিগণের ট্রেণে উঠানামা করিতে খুব অসুবিধা হয়। অচিরে উঁচু প্লাটফরম ও উজ্জ্বল আলোর ব্যবস্থা করার জন্য রেল কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## নবাগত মহকুমা শাসক

জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীবিমলকুমার রায় চৌধুরী মহাশয় ২৪-পরগণা জেলার বারাসত মহকুমায় বদলী হওয়ায় শ্রীপার্থসারথি চৌধুরী, আই-এ-এস মহাশয় জঙ্গিপুর মহকুমার কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত মহকুমা শাসক মহাশয়কে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি। 'অয়মারম্ভ শুভায় ভবতু'।

---

## আবর্জ্জনা থেকে সিমেণ্ট

শহরের আবর্জ্জনাকে যদি মানুষের কাজে লাগানো যায়, তাহলে এই সমস্যার সমাধান হয়। এই সমস্যা প্রত্যেক শহরের কিন্তু পশ্চিম বেলিনের নগর-পরিকল্পনাকারী ও গৃহনির্মাণ বিশেষজ্ঞরা আধুনিক যন্ত্রের সাহায্যে এই আবর্জ্জনা থেকে সিমেণ্ট তৈরীর ব্যবস্থা করেছেন।

আবর্জ্জনা পুড়িয়ে ফেলার জন্যে পশ্চিম বেলিনের পৌরস্বাস্থ্য বিভাগ এক বিরাট বৈদ্যুতিক চুল্লী বসিয়েছেন। এই চুল্লীতে ১৯৬৮ সালের মধ্যে ত্রিশ লক্ষ ঘনবর্গ মিটার আবর্জ্জনা পোড়ানো যাবে কিন্তু ঐ পরিমাণ আবর্জ্জনা পোড়ালে সাড়ে চারলক্ষ ঘনবর্গ মিটার ছাইয়ের মত জিনিষ পড়ে থাকবে যেটা আর পোড়ানো যাবে না। এই অব্যবহার্য জিনিষটাকে ভবিষ্যতে সিমেণ্ট তৈরীর জন্যে অন্যান্য জিনিষের সঙ্গে মিশেল দেওয়া হবে। সেই উদ্দেশ্যে চুল্লীর সঙ্গে সঙ্গে পৌরকর্তৃপক্ষ একটি "সিণ্টার তৈরীর কারখানা" গড়বেন। পশ্চিম বেলিনের টেকনিক্যাল বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় পৌর-স্বাস্থ্য বিভাগ ও ব্যবসায়ীমহল মিলে এই পরিকল্পনাকে কার্যকরী করে তোলা হবে।

শ্রেফ্ প্রয়োজনের তাগিদেই এই আবিষ্কারের জন্ম। বিভক্ত বেলিনের পশ্চিম অংশে আবর্জ্জনা ফেলার আর জায়গা নেই। তাছাড়া গৃহনির্মাণের মালমশলা অন্যত্র থেকে পশ্চিম বেলিনে আনা যেমন একটা সমস্যা তেমনি ব্যয় সাপেক্ষ। সুতরাং আবর্জ্জনা পুড়িয়ে পড়ে থাকা ছাই থেকে সিমেণ্ট তৈরীর উপকরণ পেয়ে একটা দুর্ভাবনার হাত থেকে রেহাই পাওয়া গেছে। তাই এক ঢিলে দুই পাখী মারার জন্যে পশ্চিম বেলিন ৭০ মিলিয়ন মার্ক খরচ করে উভয় সমস্যার সমাধানে ব্রতী হয়েছে।

## রেশন-ডিলার কর্ত্তৃক সব-ইন্সপেক্টর নির্য্যাতিত

কিছুদিন পূর্ব্বে জঙ্গিপুর মহকুমা খাদ্য ও সরবরাহ বিভাগের জনৈক সব-ইন্স:পক্টর রঘুনাথগঞ্জ সহরের সন্নিকটে খিদিরপুর রেশন দোকানের খাতাপত্র পরিদর্শন করিতে যান। তিনি খাতায় অনেক গলদ দেখিয়া ডিলারকে নিয়মিত রসিদ দিয়া সংশ্লিষ্ট খাতা অফিসে আনিতে চান। ডিলার উক্ত সরকারী কর্ম্মচারীকে ধাক্কা মেরে ফেলে খাতা কাড়িয়া লয়েন। সব-ইন্সপেক্টর বাবু তাঁর উর্দ্ধতন কর্ম্মচারীকে বিষয়টা জানাইলে অস্থায়ীভাবে উক্ত ডিলারকে সসপেণ্ড করা হইয়াছে। ডিলারের নাম আজমল হক তিনি হক কাজ করেছেন কি বে হক কাজ করেছেন ইহা বিশেষভাবে তদন্ত হওয়া আবশ্যক। ইনি পুনরায় দোকান পাবার জন্য অফিসে ঘোরাঘুরি করিতেছেন বলিয়া প্রকাশ। গত বৎসর উক্ত আজমল হক গজগিরি ফেরীঘাট ইজারা লইয়াছিলেন এবং জুলুম করিয়া পয়সা আদায় করার অভিযোগ তাঁহার বিরুদ্ধে হইয়াছিল।

---

## 'শ্রীদুর্গা' বাসে চাপা পড়ে একজন নিহত

গত ১৩ই জুলাই সন্ধ্যার কিছু পরে জাতীয় সড়কে মথুরাপুর গ্রামের সম্মুখে রাধারঘাট হইতে ধুলিয়ান গামী 'শ্রীদুর্গা' বাসের চালক স্তূতী থানার অন্তর্গত অজগরপাড়া গ্রামের যতীশচন্দ্র দাসকে চাপা দেয়। ঘটনাস্থলে উক্ত ব্যক্তির মৃত্যু হয়। গাড়ীর চালক গা ঢাকা দেয়। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## পরলোকগমন

গত ২৮শে আষাঢ় মঙ্গলবার ভোর রাত্রে জঙ্গিপুর বারের অন্যতম উকিল দ্বারকানাথ সাহা মহাশয় পরলোকগমন করিয়াছেন। তাঁহার বয়স ৭২ বৎসর হইয়াছিল। তিনি এক পুত্র, তিন কন্যা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। তিনি বহুদিন জঙ্গিপুর পৌরসভার ভাইস-চেয়ারম্যান ছিলেন ও স্থানীয় অন্যান্য জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

## জঙ্গিপুর কলেজ

### ( গভর্ণমেন্ট স্পনসর্ড )

পোঃ জঙ্গিপুর, জেলা মুর্শিদাবাদ

ইতিহাস ও রাষ্ট্রবিজ্ঞানে 'অনার্স' এ ভর্ত্তি চলিতেছে। কলা ও বিজ্ঞান বিভাগে সাধারণভাবে প্রচলিত বিষয় সমূহ শিক্ষা দেওয়া হয়। মফঃস্বলের শান্ত পরিবেশে বিদ্যাশিক্ষার আদর্শ প্রতিষ্ঠান। বৈদ্যুতিক আলোযুক্ত মনোরম পরিবেশে অবস্থিত ছাত্রাবাসের দ্বি-আসনযুক্ত কক্ষ। পরীক্ষার ফল অতীব সন্তোষজনক বলিয়া স্বীকৃত। ছাত্র ভর্ত্তিতে বিশেষ কোন বিধি নিষেধ নাই। স্বাস্থ্যকর স্থান। খরচ মধ্যম রকম। বিরাট গ্রন্থাগার হইতে প্রয়োজনীয় পুস্তকাদি ছাত্রদিগকে ব্যবহার করিবার সুযোগ দেওয়া হয়। পর্যাপ্ত টিউটোরিয়াল, কম্পোজিশন এবং প্র্যাকটিক্যাল ক্লাসের ব্যাপক সুযোগ আছে।

যে কোন কাজের দিন বেলা ১০.৩০ মিঃ হইতে ১২টার মধ্যে কলেজ অফিস হইতে নির্ধারিত ফর্ম সংগ্রহ করিয়া আবেদন করিতে হইবে।

---

## আজিমগঞ্জ লোকো উঠে যাচ্ছে

পূর্ব রেলপথের আজিমগঞ্জ লোকো ব্যাণ্ডেলে শীঘ্রই উঠে যাচ্ছে বলে এখানে সংবাদ পাওয়া গেছে আরও জানা গেছে যে, আজিমগঞ্জ-নলহাটি শাখা লাইনে যে সব ট্রেণ চলাচল করে রামপুরহাট লোকো থেকে সে সব ট্রেণ চলাচলের ব্যবস্থা করা হবে। এখানে লোকোটি থাকায় এ অঞ্চলের কিছু কিছু বেকার যুবক সময়ে সময়ে চাকুরী বাকুরীর ক্ষেত্রে যে সুবিধা পেত লোকোটি দূরবর্তী স্থানে উঠে গেলে তাদের সে সুযোগ আর তেমন থাকবে না নিশ্চয়ই। লোকো উঠে যাওয়ার সংবাদে এখানে বিক্ষোভের সৃষ্টি হয়েছে।

—'জনমত'

---

## বন্দুক নিলামের বিজ্ঞপ্তি

জেলা শাসক পক্ষে ভারপ্রাপ্ত ম্যাজিষ্ট্রেট, আগ্নেয়াস্ত্র বিভাগ, বহরমপুর, মুর্শিদাবাদ, জানাইতেছেন যে, ১৯৬৫ সালের ৭ই আগষ্ট বেলা ১০ ঘটিকায় বহরমপুর কোর্ট মালখানার বাজেয়াপ্ত বন্দুক প্রভৃতি প্রকাশ্য নিলামে বহরমপুর, শ্রী ডি এন দলপতি, সাব ডেপুটি ম্যাজিষ্ট্রেটের কোর্টে বিক্রয় করা হইবে।

---

## Notice.

It is hereby notified for the information of the general public that the reconstitution of the Managing Committee of Barala Ramdas Sen Higher Secondary School will be held on 22nd August, 1965

1. Date and time of publication of the provisional voters' list... 20th July, '65 by 11 A.M.
2. Submission of claims to and objections against inclusion of any name. 28th July, '65 by 11 A.M.
3. Publication of the final voters' list. 6th August, '65 by 11 A.M.
4. Submission of nomination paper (to be available in the office)... 16th August, '65 by 11 A.M.
5. Withdrawal of nomination papers 17th August, '65 by 11 A.M.
6. Scrutiny of nomination papers... 18th August, '65 at 11 A.M.
7. Holding Election... 22nd August, 65. (From 8 A.M. to 12 noon & from 1 P.M. to 4 P.M. if necessary.)

Mohammad Sohorab,
Headmaster,
Barala R. D. Sen H. S. School.



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের
**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের
**চ্যবনপ্রাশ**
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।



জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত. পোঃ রঘুনাথগঞ্জ। মুর্শিদাবাদ